সাপ্তাহিক পুস্তিকা: ৩৯১
WEEKLY BOOKLET:392

শায়খে তরীকত, আমীরে আহলে সুন্নাত, দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা
হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তারী কাদেরী রযবী دامت برکاتہم العالیہ এর
কলম হতে রমযানুল মোবারক ২০২৪ইং এর আবেগপূর্ণ স্মরণের চিত্রময়ী বাণী

مرحبا صد مرحبا پھر آ گیا رمضان ہے
کھل اٹھے مرجھائے دل تازہ ہوا ایمان ہے

(পর্ব: ৭)

# রমযানের স্মৃতিচারণ

یادِ عشرۂ رحمت    یادِ عشرۂ مغفرت

جہنم سے آزادی کا عشرہ

آہ! رمضان اب جا رہا ہے
ہائے تڑپا کے رمضان چلا ہے

# রমযানের স্মরণ (পর্ব: ৩)

نَحۡمَدُہٗ وَنُصَلِّیۡ وَنُسَلِّمُ عَلٰی خَاتَمِ النَّبِیّٖنَ

**আত্তারের দোয়া:** যে কেউ এই পুস্তিকাটি “রমযানের স্মরণ (পর্ব: ৩)” পড়ে বা শুনে নিবে তাকে রযমান মাসে মদীনা শরীফ দেখাও এবং তার মা-বাবা ও পরিবারবর্গদের জান্নাতুল ফেরদৌসে বিনা হিসাবে প্রবেশ করার তাওফিক দান কর। اٰمِین بِجاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

# প্রথমে এটি পড়ে নিন

আমীরে আহলে সুন্নাত, দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা, হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী রযবী دَامَتۡ بَرَکَاتُہُمُ الۡعَالِیَہ নিজের ব্যস্ততার মধ্য থেকে কিছু সময় বের করে, বিগত দুই বছরের ন্যায় এই বছরও “নেকীর দাওয়াত” কে সামনে রেখে মাহে রমযান শরীফে প্রতিদিন একটি করে মাদানী ফুল লিখে সেগুলো (আবু মুহাম্মদ তাহির আত্তারী মাদানী) কে দিয়ে দিতেন, তখনও দাওয়াতে ইসলামীর মজলিস Social Media’র মাধ্যমেও আমীরে আহলে সুন্নাত دَامَتۡ بَرَکَاتُہُمُ الۡعَالِیَہ এর লিখনী (Viral) তথা ছড়িয়ে পড়তো। এখন ওই সব লেখাগুলো একত্র করে পুস্তিকা “রমযানের স্মরণ, পর্ব: ৩” আকারে দাওয়াতে ইসলামীর মজলিস আল মদীনাতুল ইলমিয়া (ইসলামিক রিচার্স সেন্টার) “সপ্তাহিক পুস্তিকা” বিভাগের পক্ষ থেকে প্রকাশ করা হচ্ছে। আল্লাহ পাকের দয়া ও অনুগ্রহে “রমযানের স্মরণ, পর্ব: ১ এবং পর্ব: ২ এর ন্যায় “রমযানের স্মরণ, পর্ব: ৩” এর মধ্যেও বিষয় ভিত্তিকভাবে ডিজাইনিং করা হয়েছে, মূলত একটি সীমিত আকারে প্রতি পৃষ্ঠায় “মৌখিক সবক”ও রয়েছে।

মাদানী চ্যানেলের ইলম ও হিকমত দ্বারা ভরপুর, ব্যাপক গ্রহণযোগ্য প্রোগ্রাম "মাদানী মুযাকারা" দেখার, শোনার আগ্রহীদের জন্য "রমযানের স্মরণ, পর্ব: ১ ও ২" এর মতো "রমযানের স্মরণ, পর্ব: ৩" এর মধ্যেও আসরের পর ও তারাবীর পর হওয়া মাদানী মুযাকারার QR কোড প্রতি পৃষ্ঠায় দেয়া হয়েছে, যেগুলো স্কিন করে আশিকানে রাসূলগণ ইলমে দ্বীনের বরকত অর্জন করতে পারবে। (রমযান শরীফে প্রত্যেক জুমাবার আসরের পর সপ্তাহিক সুন্নাতে ভরা ইজতিমার কারণে মাদানী মুযাকারা হতো না এজন্য জুমার রাতের কিউ আর কোড অন্তর্ভুক্ত নেই) "রমযানের স্মরণ, পর্ব: ৩" এ দেয়া QR কোডে আরও একটি বৃদ্ধি করা হয়েছে যে, প্রতিদিন ফজরের পর নিগরানে শূরা হাজ্বী মুহাম্মদ ইমরান আত্তারী سَلَّمَهُ الْبَارِى এর বয়ানের পর আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনা (করাচি) তে পুরো মাসের ইতিকাফকারী আশিকানে রাসূলদেরকে "নামাযের আহকাম" ইত্যাদির ব্যাপারে দ্বীনি মাসায়িল বর্ণনা করতেন, প্রতিদিন সেটার পর্বের QR কোডও এতে অন্তর্ভুক্ত করা হয়েছে। আল্লাহ পাক আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর সুস্থতার ছায়া ও সবল অবস্থা আমাদের উপর অটুট রাখুক এবং তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা করুক। আল্লাহ পাক! এই কিতাবের জন্য যারা যারা কাজ করেছেন তাদেরকে বার বার হজ্ব ও মদীনা শরীফের যিয়ারত দ্বারা ধন্য করুক এবং এই কাজটিকে তাদের জন্য নাজাতের ওসিলা বানিয়ে দিক। اٰمِين بِجاهِ خَاتَمِ النَّبِيّن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

**মদীনা ও বকীর ব্যাথা এবং বিনা হিসাবে ক্ষমার প্রত্যাশী**
**আবু মুহাম্মদ তাহির আত্তারী মাদানী**

নোট: ফজরের নামাযের পর অনুষ্ঠিত হওয়া নামাযের মাসায়িল সম্বলিত হালকা ১৩ রমযানুল মুবারক পর্যন্ত ধারাবাহিক রয়েছে এরপর কিছু কিছু স্থানে দুইটি থেকে তিন দিনের হালকার ভিডিওর একই QR কোড রয়েছে এরপর কিছুদিন এই মাদানী হালকা হয়নি।

০১

যেই দস্তরখানায় সবজি থাকে সেটাতে ফেরেশতারা তাশরিফ আনেন, সুতরাং দস্তরখানায় সবজি থাকা মুস্তাহাব। **(ইহইয়াউল উলুম, ২/২২)**

০২

প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: اَلسَّعِيْدُ مَنْ وُعِظَ بِغَيْرِهٖ অর্থাৎ সৌভাগ্যবান হলো সে, যে অন্যের কাছ থেকে উপদেশ গ্রহণ করে।

**(ইবনে মাজাহ, ১/৩৫, হাদিস: ৪৬)**

০৩

## শাশুড়ির সাথে সদাচারণ করুন

খাতুনে জান্নাত হযরত বিবি ফাতেমা رَضِىَ اللهُ عَنْهَا নিজের শাশুড়ি সাহাবিয়া (সাহাবিয়ায়ে নবী হযরত ফাতেমা বিনতে আসাদ) এর খেদমত করতেন। হযরত মাওলা আলী رَضِىَ اللهُ عَنْهُ নিজের আম্মাজানকে বললেন: হযরত বিবি ফাতেমা رَضِىَ اللهُ عَنْهَا (আপনার এতো খেদমত করবে যে) আপনাকে ঘরের কার্যাদির ব্যাপারে পেরেশান মুক্ত করে দিবে।

**(আল ইসাবাতু, ৮/২৬৯)**

০৪

রমযানুল মুবারক ১৪৪৫ হিজরির চতুর্থতম রাতে হওয়া মাদানী মুযাকারা (মাদানী চ্যানেল Live) এ হালাল ও হারাম পাখিদের ব্যাপারে

প্রশ্নত্তোর হয়েছে, তাতে বাহারে শরীয়ত থেকে স্মরণ রাখার মতো উসুল বর্ণনা করেছেন: “নখ বিশিষ্ট পাখি যা নখ দ্বারা শিকার করে তা হারাম।” (যেমন ঈগল, বাজপাখি ইত্যাদি) **(বাহরে শরীয়ত, ৩/৩২৪ পৃ:, অংশ: ১৫)**

০৫

## জান্নাতে হেসে হেসে প্রবেশ

সাহাবিয়ে নবী হযরত সায়্যিদুনা আবু দারদা رَضِیَ اللّٰہُ عَنۡہُ বলেন: যে ব্যক্তি জান্নাতে হেসে হেসে প্রবেশ করতে চাই তার উচিত আল্লাহ পাকের যিকির দ্বারা সর্বদা নিজের মুখকে সতেজ রাখা। **(আল কাওকিবুদ দুররিয়্যাতু, ১/১১৭)**

০৬

## ইবাদতে অলসতার কারণ

হযরত মাওলা আলী رَضِیَ اللّٰہُ عَنۡہُ বলেন: “গুনাহের কারণে ইবাদতে অলসতা ও রিযিকে সংকীর্ণতা এসে থাকে।” **(আল কাওয়াকিবুদ দুররিয়্যাতু, ১/১০৬)**

০৭

## নেয়ামত বাঁচান

“আল্লাহ পাকের নাফরমানী অধিকাংশ সময় নেয়ামত চলে যাওয়ার কারণ হয়ে থাকে।” **(ফাতহুল বারী, ১২/২৫৭)**

০৮

## আল্লাহ পাকের অসন্তুষ্টির আলামত

হযরত আব্দুল্লাহ আলাভী শাফেয়ী رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ বলেন: আল্লাহ পাকের রহমতের দৃষ্টি থেকে বঞ্চিত ও তাঁর অসন্তুষ্টির আলামত হলো বান্দার

গুনাহের লিপ্ত হয়ে যাওয়া।

**(রিসালাতুল মুযাকারাতি মাআল ইখওয়ানুল মুহিব্বিন মিন আহলিল খাইরি ওয়াদ দ্বীন, ২৩ পৃ:)**

০৯

রমযান শরীফের নবমতম রাতে মাদানী মুযাকারায় এটাও বলা হয়েছে যে, নবীয়ে পাক صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর একটি বাণীতে এটাও রয়েছে: (রাস্তার হক হলো:) দৃষ্টিকে নত রাখা, কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলা, সালামের উত্তর দেয়া ও মন্দ কার্যাদি থেকে নিষেধ করা।

**(বুখারী, ৪/১৬৫, হাদিস: ৬২২৯)**

১০

# দ্রব্যমূল্যের উর্ধগতির প্রতিকার

রমযানুল মুবারকের দশমতম রাতে মাদানী মুযাকারায় এই অসাধারণ বর্ণনাটি বয়ান করা হয়েছে: মক্কায়ে মুকাররমায় একবার কিসমিসের দাম বেড়ে গেলো হযরত মাওলা আলী رَضِیَ اللّٰهُ عَنْهُ এর বকতময় খেদমতে অভিযোগ করা হলে তিনি বললেন: “তোমরা কিসমিসের পরিবর্তে খেজুর ব্যবহার কর (তাহলে কিসমিসের চাহিদা কমে যাওয়ার কারণে) সেটার দাম স্বয়ংক্রিয়ভাবে কমে যাবে।” **(তারিখ ইবনে মায়ীন, ১৬৮ পৃ:)**

১১

১১ রমযানের লেখনী নেই। রমযানের শরীফের দ্বিতীয় জুমা মুবারক হোক।

১২

# জান্নাতের মধ্যবর্তী দরজা

১২ রমযান শরীফ ১৪৪৫ হিজরির মাদানী মুযাকারায় (রাতে) এই হাদিসে পাকও বর্ণনা করা হয়েছে: নবী করীম صَلَّی اللّٰہُ عَلَیْہِ وَاٰلِہٖ وَسَلَّم ইরশাদ করেন: “বাবা হলো জান্নাতের মধ্যবর্তী দরজা (এখন) তোমার ইচ্ছা সেটার হেফাযত করবে নাকি ছেড়ে দিবে।” **(তিরমিযী, ৩/৩৫৯, হাদিস: ১৯০৬)**

১৩

# রমযান নামের হিকমত

খাদেমুন নবী হযরত আনাস رَضِیَ اللّٰہُ عَنْہُ বলেন: রমযানের নাম রযমান এজন্য রাখা হয়েছে যে, রমযান গুনাহসমূহ গলায় ও জ্বালিয়ে দেয়। **(ফয়যুল কদীর, ৩/৩২)**

১৪

হযরত আবু বকর বিন আয়াশ رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ বলেন: “যদি কারো এক দিরহাম কোথাও পড়ে যায় তবে সারাদিন আফসোস করবে আর বলতে থাকবে যে, আমার দিরহাম হারিয়ে গেছে।” কিন্তু সারাদিন উদাসিনতায় কাটিয়ে দেয়ার পরও এটা বলে না যে হায় আফসোস! আমার পুরোটা দিন চলে গেলো আমি এতে কোন নেক আমল করলাম না।”

**(হিফযুল উমরি লি ইবনে জাওযী, ৩৬ পৃ:)**

১৫

## ৭০ বার হাউজে কাউসার পান করা

নবী করীম صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: "যে ব্যক্তি নিজের বাচ্চাদের ছোটবেলায় পানি পান করালো, আল্লাহ পাক কিয়ামতের দিন তাকে হাউজে কাউসার থেকে ৭০ বার পান করাবেন।"

**(জামউল জাওয়ামি, ৭/১৭৬, হাদিস: ২২১১০)**

১৬

## ইবাদতের স্বাদ পাওয়ার উপায়

যে ব্যক্তি অনর্থক বিষয়ের দিকে দৃষ্টি দেয় না তবে (সে) ইবাদতের স্বাদ ও মুনাজাতের স্বাদ পাবে এবং অন্তরে এমন পরিচ্ছন্নতা (অর্জিত হবে) যা তার পূর্বে কখনো পায়নি। **(মুখতসর মিনহাজুল আবেদীন, ৬৩ পৃ:)**

১৭

## মসজিদে দুনিয়াবী কথা

এক বর্ণনায় রয়েছে: যেই ব্যাক্তি গীবত করে আর মসজিদে দুনিয়াবী কথা বলে তার মুখ থেকে সেই দূর্গন্ধ নির্গত হয় যা দ্বারা ফেরেশতারা আল্লাহ পাকের দরবারে অভিযোগ করে।

**(ফতোওয়ায়ে রযবীয়া, ১৬/৩১২)**

১৮

## সাদা পোশাক

মসজিদে সাদা পোশাক পরিধান করে আসা মুস্তাহাব।

**(লুমআতুল তানকীহ, ১/১৯৮)**

১৯

## বড় বয়সে ইলম অর্জন করার ফযিলত

আল্লাহ পাকের শেষ নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: যে ছোটবেলায় ইলমে দ্বীন অর্জন করতে পারলো না কিন্তু বড় বয়সে অর্জন করতে লাগলো, তবে সে যখন ইন্তেকাল করবে তাকে শহীদের মর্যাদা দান করা হবে। **(কানযুল উম্মাল, অংশ: ১০, ৫/৭০, নং: ২৮৮৩৯)**

২০

## ঈদের আনন্দ ও দুঃখ

সম্ভব হলে নিজের মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেম, গরীব আত্মীয় ও প্রতিবেশী প্রমুখদের বিশেষ করে অভাবী সৈয়দ বংশীয়দের এমনভাবে আর্থিক সহায়তা করুন যেন তারা ও তাদের সন্তানেরা ঈদের খুশি উপভোগ করতে পারে।

২১

## পাগড়ীর ফযীলত

প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: "পাগড়ী সহকারে দুই রাকাত নামায পাগড়ী বিহীন ৭০ রাকাতের চেয়ে উত্তম।"

**(আল ফেরদৌস বিমা'ছুরিল খিতাব, ১/৪১০, হাদিস: ৩০৫৪)**

২২

## নোংড়া পেট্রোল

নোংড়া পেট্রোল মোটরের মেশিনকে খারাপ করে দেয়, নোংড়া হারাম খাবার মানুষের যন্ত্রপাতি খারাপ করে দেয় আর মন ও মস্তিষ্ক, খেয়াল ও নিয়্যত সবকিছুকে খারাপ করে দেয়। **(মিরাতুল মানাজিহ, ৭/১৩৭। ৫/৩৯১)**

২৩

## জান্নাতে ঘর

প্রিয় নবী صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর বাণী: “যে ব্যক্তি কাতারের খালি স্থান (GAP)পূরণ করবে, আল্লাহ পাক (তার) একটি পদমর্যাদা বৃদ্ধি করবেন এবং তার জন্য জান্নাতে একটি ঘর নির্মাণ করবেন।”

**(মুজামু আউসাত, ৪/২২৫, হাদিস: ৫৭৯৭)**

২৪

২৪ রমযান শরীফের মাদানী মুযাকারায় এই রেওয়ায়েতটি বর্ণনা করা হয়েছে: তাওরাত শরীফের উদ্ধৃতি: হে মূসা! চেহারায় মুচকি হাসি সাজিয়ে রাখো এবং নম্রতা অবলম্বন কর, লোকেরা তোমাকে স্বর্ণ–রুপা বন্টনকারী ব্যক্তির চেয়ে বেশি মূল্যায়ন করবে।

**(আয যাখায়ির ওয়াল আ’লাক্ব লিল ইশবিলী, ৩৪৩ পৃ:, বৈরূত প্রকাশনা)**

২৫

## ইফতার ও ঈদ সালামী

ইমামে আযম আবু হানিফা رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর সম্মানীত ওস্তাদ তাবেয়ী বুযুর্গ হযরত সায়্যিদুনা হাম্মাদ رَحْمَةُ اللهِ عَلَيْهِ রমযান শরীফে ৫০০জন লোককে

ইফতার করাতেন এবং ঈদের দিন প্রত্যেককে একশত (১০০) করে দিরহাম উপহার দিতেন। **(সিয়ারু আ'লামুন নুবালা, ৬/৬৩)**

২৬

## রিযিকের ব্যবস্থা হয়ে যাবে

প্রিয় নবী صَلَّی اللّٰهُ عَلَيۡهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: "যে ইলমে দ্বীন অর্জন করবে আল্লাহ পাক তার বিপদ দূরীভূত করবেন আর তাকে সেই স্থান থেকে রিযিক দান করবেন যেই স্থানের ব্যাপারে সে কল্পনাও করেনি।

**(জামেউল বয়ানিল ইলমী ওয়া ফাদলিহি, ৬৬ পৃ:, হাদিস: ১৯৮)**

২৭

## লায়লাতুল কদর থেকে অর্জন

২৬ রমযান শরীফে আসরের পর মাদানী মুযাকারায় বলা হয়েছে, হাদিসে পাকে রয়েছে: "যে ব্যক্তি এশার নামায জামাআত সহকারে পড়েছে সে যেনো লায়লাতুল কদর থেকে নিজের প্রাপ্য অর্জন করে নিলো।" **(মু'জামু কবীর, ৮/১৭৯, হাদিস: ৭৭৪৫)**

২৮

## ধৈর্য জান্নাতে নিয়ে যাবে

হযরত সায়্যিদুনা সুফিয়ান বিন উয়াইনা رَحۡمَةُ اللّٰهِ عَلَيۡهِ বলেন: "বান্দাদেরকে ধৈর্যের চেয়ে উত্তম কোন নেয়ামত দেওয়া হয়নি, এটার মাধ্যমে সে জান্নাতে প্রবেশ করবে। **(মাওসুআতু লি ইমামে ইবনে আবিদ দুনিয়া, ৪/৩২, নং: ৬০)**

২৯

## ক্ষমা করার সাওয়াব

২৯ রমযান ১৪৪৫ হিজরীর ফজরের পর এই রেওয়ায়েত বর্ণনা করা হয়েছে: রাসূলে আকরাম صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: হযরত মূসা عَلَيْهِ السَّلَام আরয করলেন: হে আমার রব! তোমার বান্দাদের মধ্য হতে সবচেয়ে বেশি কে তোমার দরবারে সম্মানীত? আল্লাহ্ পাক ইরশাদ করেন: “ওই বান্দা যে প্রতিশোধ নেয়ার ক্ষমতা থাকার পরও ক্ষমা করে দেয়।”

**(শুয়াবুল ঈমান, ৬/৩১৯, হাদিস: ৮৩২৭)**

৩০

## ঈদ মুবারক

আ’লা হযরত ইমাম আহমদ রযা খাঁন رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ বলেন: “ঈদ কোন দুনিয়াবী অনুষ্ঠান (অর্থাৎ EVENT) নয় বরং এটি আল্লাহর বিধান, যখন ঈদ শরীয়ত অনুযায়ী পালন করা হবে না তখন তা শুধু অনর্থক ও গুনাহ্ হিসেবে বিবেচিত হবে ।” **(ফতোওয়ায়ে রযবীয়া, ১০/৪৪৫)**

## আগামি সাপ্তাহের পুস্তিকা




### মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাত্তাহ্ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশারীপট্টি, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

পুরাতন বাবুপাড়া ফয়যানে শাহজালাল মসজিদ নিয়ামতপুর, সৈয়দপুর, নীলফামারী। মোবাইল: ০১৮৭৬৮৪৫০৩৪

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net